রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ১, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১** ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ৩৮-আইন/২০১৭।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, “হোটেল এন্ড রেস্টুরেন্ট” শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল ‘ক’ ও ‘খ’ তে বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, যথাক্রমে, উক্ত শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে ঘোষণা করিল, যথা:—



**মূল্য ঃ** টাকা ৮.০০

## তফসিল ‘ক’

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেল ও রেস্টুরেন্টের শ্রেণি বিভাগ | মূল মজুরি | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪৫% এবং উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১: উচ্চতর দক্ষ:<br>১। প্রধান পাচক (বাবুর্চী)<br>২। বাবুর্চী (বাংলা)<br>৩। বাবুর্চী (চাইনিজ) | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২০০০/- | ৬০০০/- | ৪০০/- | ৫০০/- | ১৮৯০০/ |
| ২। | গ্রেড-২: দক্ষ:<br>১। মিষ্টি স্পেশাল কারিগর<br>২। নাস্তা কারিগর<br>৩। রুটি কারিগর<br>৪। কাবাব কারিগর<br>৫। গ্রীল কাবাব কারিগর<br>৬। ফালুদা/লাচ্ছি কারিগর<br>৭। কারিগর (মিষ্টি)<br>৮। কারিগর (রুটি পরোটা)<br>৯। দই কারিগর<br>১০। চটপটি কারিগর<br>১১। সরমা কাবাব কারিগর<br>১২। চা/কফি/হ্যান্ডি কারিগর | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬০০০/- | ৩০০০/- | ৪০০/- | ৫০০/- | ৯৯০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪৮০০/- | ২১৬০/- | ৪০০/- | ৪০০/- | ৭৭৬০/- |
| | | (তৃতীয় শ্রেণি) উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ৩৬০০/- | ১৪৪০/- | ৪০০/- | ৩০০/- | ৫৭৪০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | গ্রেড-৩: আধা-দক্ষ:<br>১। বাবুর্চী [সহকারী (পুরুষ)]<br>২। বাবুর্চী [সহকারী (মহিলা)]<br>৩। সহকারী নাস্তা কারিগর<br>৪। সহকারী রুটি কারিগর<br>৫। সহকারী কাবাব কারিগর<br>৬। সহকারী গ্রীল কাবাব কারিগর<br>৭। সহকারী ফালুদা/লাচ্ছি কারিগর<br>৮। সহকারী মিষ্টি স্পেশাল কারিগর<br>৯। সহকারী কারিগর (মিষ্টি)<br>১০। সহকারী দই কারিগর<br>১১। সহকারী সরমা কাবাব কারিগর<br>১২। সহকারী চা/কফি/হ্যান্ডি কারিগর<br>১৩। ওয়েটার<br>১৪। মেট (পুরুষ)<br>১৫। মেট (মহিলা) | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩৬০০/- | ১৮০০/- | ৪০০/- | ৫০০/- | ৬৩০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৩০০০/- | ১৩৫০/- | ৪০০/- | ৪০০/- | ৫১৫০/- |
| | | (তৃতীয় শ্রেণি) উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ২৪০০/- | ৯৬০/- | ৪০০/- | ৩০০/- | ৪০৬০/- |
| ৪। | গ্রেড-৪: অদক্ষ:<br>১। পার্সেল বয়<br>২। ডিস ওয়াস বয়<br>৩। গ্লাস বয়<br>৪। টেবিল বয়<br>৫। ক্লিনার/ঝাড়ুদার<br>৬। কারিগর বয়<br>৭। সহকারী ওয়েটার<br>৮। অন্যান্য সাহায্যকারী | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩০০০/- | ১৫০০/- | ৪০০/- | ৫০০/- | ৫৪০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ২৪০০/- | ১০৮০/- | ৪০০/- | ৪০০/- | ৪২৮০/- |
| | | (তৃতীয় শ্রেণি) উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ২১৫০/- | ৮৬০/- | ৪০০/- | ৩০০/- | ৩৭১০/- |
| ৫। | শিক্ষানবিশ শ্রমিক | শিক্ষানবিশকালে একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে= ৩২০০/- (তিন হাজার দুইশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## তফসিল ‘খ’

| ক্রমিক নং | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেল ও রেস্টুরেন্টের শ্রেণি বিভাগ | মূল মজুরি | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪৫% এবং উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br>১। সিনিয়র হিসাব সহকারী<br>২। সিনিয়র স্টোর কিপার<br>৩। সিনিয়র টাইপিস্ট/সিনিয়র কম্পিউটার অপারেটর<br>৪। সিনিয়র ক্লার্ক<br>৫। সিনিয়র ক্যাশিয়ার | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬০০০/- | ৩০০০/- | ৪০০/- | ৫০০/- | ৯৯০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪৮০০/- | ২১৬০/- | ৪০০/- | ৪০০/- | ৭৭৬০/- |
| | | (তৃতীয় শ্রেণি) উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ৪৪০০/- | ১৭৬০/- | ৪০০/- | ৩০০/- | ৬৮৬০/- |
| ২। | গ্রেড-২:<br>১। হিসাব সহকারী<br>২। সহকারী স্টোর কিপার<br>৩। সহকারী টাইপিস্ট/সহকারী কম্পিউটার অপারেটর<br>৪। সহকারী ক্লার্ক<br>৫। সহকারী ক্যাশিয়ার<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। ড্রাইভার | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪৪০০/- | ২২০০/- | ৪০০/- | ৫০০/- | ৭৫০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪০০০/- | ১৮০০/- | ৪০০/- | ৪০০/- | ৬৬০০/- |
| | | (তৃতীয় শ্রেণি) উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ৩৬০০/- | ১৪৪০/- | ৪০০/- | ৩০০/- | ৫৭৪০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | গ্রেড-৩:<br>১। দারোয়ান<br>২। চৌকিদার/পিয়ন<br>৩। নাইট গার্ড<br>৪। সুইপার<br>৫। মালী<br>৬। গাড়ী চালক হেলপার | (প্রথম শ্রেণি)<br>বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩০০০/- | ১৫০০/- | ৪০০/- | ৫০০/- | ৫৪০০/- |
| | | (দ্বিতীয় শ্রেণি)<br>জেলা শহর | ২৪০০/- | ১০৮০/- | ৪০০/- | ৪০০/- | ৪২৮০/- |
| | | (তৃতীয় শ্রেণি)<br>উপজেলা/থানা ও অন্যান্য এলাকায় | ২১৫০/- | ৮৬০/- | ৪০০/- | ৩০০/- | ৩৭১০/- |
| ৪। | শিক্ষানবিশ কর্মচারী | শিক্ষানবিশকালে একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে= ৩২০০/- (তিন হাজার দুইশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

**শর্তাবলী :**

(১) উপরি-উক্ত তফসিল ‘ক’ ও তফসিল ‘খ’, অতঃপর তফসিল বলিয়া উল্লিখিত, তে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “হোটেল এন্ড রেস্টুরেন্ট” শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর জন্য প্রযোজ্য হইবে।

(২) উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ তফসিলে উল্লিখিত হার অনুযায়ী মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরি প্রাপ্ত হইবেন।

(৩) এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরি নিবন্ধনভুক্তকরতঃ মজুরি স্লিপ প্রদান করিতে হইবে।

(৪) তফসিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারীর অতিরিক্ত কোনো পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তফসিলে উল্লিখিতভাবে যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে।

(৫) তফসিলে উল্লিখিত মজুরি উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং কোনো কারণেই কোনো শ্রমিক বা কর্মচারীকে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করা যাইবে না। কোনো শ্রমিক বা কর্মচারী ইতোমধ্যে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরিপ্রাপ্ত হইয়া থাকিলে তাহার উক্ত মজুরি হ্রাস করা যাইবে না। তবে নিয়োগকর্তা বা মালিক ইচ্ছা করিলে, স্ব-উদ্যোগে এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক ও কর্মচারীগণকে তফসিলে উল্লিখিত মজুরি হার অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

(৬) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত আছেন, সেই শ্রেণি বা গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া, তফসিলে উল্লিখিত মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক বা কর্মচারীকে কোনো কারণেই নিম্নশ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না।

(৭) উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি কোনো শ্রমিককে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরির হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণিভুক্ত শ্রমিকগণের জন্য তফসিলে যে নিম্নতম মজুরি নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতম মজুরি প্রাপ্ত না হন।

(৮) কোন শ্রমিক কোনো ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদি গ্রহণের ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে, যে কোনো কারণেই হউক না কেন, তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত আইনের ধারা ১২১, ১৫০ ও ১৬১ এর বিধান মোতাবেক তাহাকে মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৯) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠান হইতে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতাদিপ্রাপ্ত হইতেছেন, তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

(১০) উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ এই প্রজ্ঞাপন সরকারি গেজেট প্রকাশের তারিখ হইতে ০১(এক) বৎসর পর মূল মজুরির ৫% বৃদ্ধির সুবিধাপ্রাপ্ত হইবেন।

(১১) শ্রমিকগণের শিক্ষানবিশকাল হইবে ৩ (তিন) মাস। তবে কোনো কারণে কাজের মান নির্ণয় করা সম্ভব না হইলে, কেবল দক্ষ শ্রমিকের ক্ষেত্রে, শিক্ষানবিশকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট শ্রমিক সংশ্লিষ্ট পদে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবে।

(১২) কর্মচারিগণের শিক্ষানবিশকাল হইবে ৬ (ছয়) মাস। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট কর্মচারী সংশ্লিষ্ট পদে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। শিক্ষানবিশ কর্মচারীগণ বা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও তদধীন প্রণীত বিধিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(১৩) উপরি-উক্ত শর্তাবলির কোনো অংশ বিদ্যমান কোনো আইনের সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

(১৪) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদির মেয়াদকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা জেরিন আহমেদ**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd